

শ্রী রামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট

শ্রেণী - প্রথম

বিষয় - বাংলা

-.:পাখি:-

১) তোমাদের জানা কয়েকটি পাখির নাম লেখো । [নিজে করো]

২) আমাদের জাতীয় পাখি কোনটি ? [নিজে করো]

৩) কয়েকটি কথাবলা পাখির নাম লেখো ? তাদের কথাবলা পাখি বলে কেন ?

উ:- টিয়া , ময়না , কাকাতুয়া কথাবলা পাখি । কারণ কথাবলা শেখালে এরা মানুষের কথা নকল করে বলতে পারে ।

৪) ঝাড়ুদার পাখি কাকে বলা হয় ? কেন ?

উ:- কাককে ঝাড়ুদার পাখি বলা হয় , কারণ এরা পরিবেশের নোংরা আবর্জনা খেয়ে পরিষ্কার করে দেয় ।

৫) নিশাচর পাখি কাকে বলা হয় ? কেন ?

উ:- পেঁচাকে নিশাচর পাখি বলা হয় , কারণ এরা রাতে শিকার করে কিন্তু দিনে চোখে দেখতে পায় না ।

৬) বাবুই কী ধরণের পাখি বলে পরিচিত ? কেন ?

উ:- বাবুই শিল্পী পাখি বলে পরিচিত , কারণ শিল্পীর মতো সুন্দর করে বাসা বুনতে পারে ।

৭) পাখির দেহ কীসে ঢাকা থাকে ?

উ:- পাখির দেহ নরম পালকে ঢাকা থাকে ।

৮) পাখির দেহের বর্ণনা করো ?

উ:- পাখির দুটি পা , দুটি চোখ , দুটি ডানা , দুটি ঠোঁট/চঞ্চু ও একটি লম্বা লেজ আছে ।

৯) পাখি উড়তে পারে কেন ?

উ:- পাখির দুটি ডানা আছে তাই সে উড়তে পারে ।

১০) পাখির খাদ্য কী কী?

উ:- পাখি ফলমূল, খাদ্যশস্য, ও পোকামাকড় খায়।

১১) পাখি ডিম পাড়ে না বাচ্চা দেয়?

উ:- পাখি ডিম পাড়ে।

১২) বাদুড় পশু না পাখি, কেন?

উ:- বাদুড় পশু, কারণ বাদুড় ডিম পাড়ে না বাচ্চা দেয়।

➤ বি:দ্র: ছাত্রছাত্রীদের পাঠ যদি বুঝতে অসুবিধা হয় তবে নিজের বক্তব্য comment box এ পাঠাও।

➤ নিজের নাম, শ্রেণি, বিভাগ, ক্রমিক সংখ্যা, যোগাযোগ নম্বর উল্লেখ করবে।

➤ আমরা সরাসরি তোমাদের সাথে যোগাযোগ করে নেব।